# রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

## অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২৪

## শ্রেণি: চতুর্থ

### বিষয়: প্রাথমিক বিজ্ঞান

সময়- ২ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান-১০০

**১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ :** ২ × ১৫ = ৩০

১. উদ্ভিদের খাদ্য তৈরিতে কী কী প্রয়োজন ?
২. আবাসস্থল ও আশ্রয়স্থল কাকে বলে ?
৩. এমন দুইটি উদ্ভিদের নাম লেখ যাদের আবাসস্থল পানি।
৪. পরিবেশে শক্তি কীভাবে প্রবাহিত হয়?
৫. পরিবেশ পরিবর্তনের দুইটি কারণ লেখ।
৬. উদ্ভিদের বৃদ্ধির জন্য কী কী প্রয়োজন?
৭. লবণাক্ত মাটিতে জন্মায় এমন দুইটি উদ্ভিদের নাম লেখ।
৮. পরিবেশ কাকে বলে ?
৯. উভচর প্রাণী কাকে বলে?
১০. দুইটি লবণাক্ত মাটির উদ্ভিদের নাম লেখ।
১১. প্রাণী খাদ্যের জন্য কার উপর নির্ভরশীল এবং কেন?
১২. পরাশ্রয়ী উদ্ভিদ কাকে বলে?
১৩. মেরু অঞ্চলের প্রাণীর দুটি বৈশিষ্ট্য লেখ।
১৪. মস উদ্ভিদ কোন পরিবেশে জন্মায়?
১৫. লবণাক্ত পরিবেশে বাস করে এমন দুইটি প্রাণীর নাম লেখ।
১৬. শ্বাসমূলযুক্ত দুইটি উদ্ভিদের নাম লেখ।
১৭. মাটির উর্বরতা কী?
১৮. উদ্ভিদের বৃদ্ধির জন্য কী কী প্রয়োজন?
১৯. সার কত প্রকার ও কী কী?
২০. মাটির হারানো পুষ্টি উপাদান ফিরে পাওয়ার দুইটি উপায় লেখ।
২১. মাটি দূষণের দুইটি ক্ষতিকর প্রভাব লেখ।
২২. মাটি দূষণ রোধের দুইটি উপায় লেখ।
২৩. জৈব সার ব্যবহারের দুইটি উপকারিতা লেখ।
২৪. কৃষিকাজে কীটনাশক ব্যবহারের দুইটি ক্ষতিকর দিক কী?
২৫. উদ্ভিজ্জ আমিষ কাকে বলে?
২৬. ভিটামিন 'এ' এর দুইটি কাজ লেখ।
২৭. আমিষ জাতীয় খাবার খাওয়া প্রয়োজন কেন?
২৮. ভিটামিনের অভাবে হতে পারে এমন ২টি রোগের নাম লেখ।
২৯. ভিটামিন 'ডি' এর উৎস কী?
৩০. উদ্ভিজ্জ আমিষের দুইটি উদাহরণ দাও।
৩১. পুষ্টি উপাদান কী?
৩২. আদর্শ খাদ্য তালিকার সুবিধা কী?
৩৩. পানিবাহিত দুইটি রোগের নাম লেখ।
৩৪. সুস্থ থাকার দুইটি উপায় লেখ।
৩৫. ক্লান্তি দূর করার দুইটি উপায় লেখ।
৩৬. পানিবাহিত রোগ কী?
৩৭. শরীরের জন্য পর্যাপ্ত ঘুম প্রয়োজন কেন?
৩৮. নিয়মিত শরীরচর্চা কেন প্রয়োজন?
৩৯. কীভাবে খাবার স্যালাইন ব্যবহার করা যায়?
৪০. নিয়মিত বিশ্রাম প্রয়োজন কেন?

৪১. বস্তুর ওজন বলতে কী বোঝ?
৪২. বস্তুর আয়তন বলতে কী বোঝ?
৪৩. বস্তুর ওজন পরিমাপক দুইটি যন্ত্রের নাম লিখ।
৪৪. বস্তুর ওজন আছে কীভাবে প্রমাণ করতে পারবে?
৪৫. বায়ুর তিনটি বৈশিষ্ট্য লিখ।
৪৬. বায়বীয় পদার্থ কাকে বলে?
৪৭. বাংলাদেশে কোন কোন প্রাকৃতিক সম্পদ রয়েছে?
৪৮. দৈনন্দিন জীবনে গাছপালার দুইটি ব্যবহার লেখ।
৪৯. খনিজ সম্পদ কী?
৫০. সৌরশক্তি কী কাজে ব্যবহার করা যায়?
৫১. বায়ু বা বায়ু প্রবাহের দুটি ব্যবহার লেখ।
৫২. বায়ুপ্রবাহ কিভাবে বিদ্যুৎ উৎপাদন করে?
৫৩. অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ কী?
৫৪. প্রাকৃতিক সম্পদের সংরক্ষণ কাকে বলে?
৫৫. জীবাশ্ম জ্বালানি কোন কাজে ব্যবহৃত হয়?

২। **সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর (যে কোনো ১২টি)ঃ** **১ × ১২ = ১২**

১. বেঁচে থাকা ও বৃদ্ধির জন্য সকল জীবের .......... প্রয়োজন।
২. মানুষ .......... আহরণ করতে পরিবেশের পরিবর্তন করছে।
৩. উদ্ভিদ বায়ুতে ........... ত্যাগ করে।
৪. প্রাণী তার খাদ্য ............... জন্য পানি পান করে।
৫. উদ্ভিদ খাদ্য তৈরিতে ............, পানি এবং বায়ু প্রয়োজন।
৬. .............. নিজের খাদ্য নিজে তৈরি করতে পারে না।
৭. পরিবেশের পরিবর্তনের ফলে বৃষ্টিপাত এবং .......... পরিবর্তন ঘটে।
৮. লবনাক্ত পানির বিশাল ভাণ্ডার হলো ............।
৯. ................ নিজের খাদ্য নিজেই তৈরি করে।
১০. তিমি হলো ............. প্রাণী।
১১. সুন্দরবন হলো .......... মাটির পরিবেশ।
১২. .......... হলো অত্যন্ত শুষ্ক স্থান।
১৩. উদ্ভিদ এবং প্রাণী ......... বিভিন্ন স্থানে বাস করে।
১৪. কিছু উদ্ভিদ মাটি ও পানি উভয় ......... জন্মে।
১৫. কম্পোস্ট একটি ............... সার।
১৬. ............. করে মাটির ক্ষয়রোধ করা যায়।
১৭. ............... করে মাটির উর্বরতা বজায় রাখা যায়।
১৮. ফসল উৎপাদনের জন্য কৃষক মাটিতে .......... প্রয়োগ করে।
১৯. জমিতে ........... লাগিয়ে মাটির ক্ষয় রোধ করা যায়।
২০. মাটি দূষণ জীবের জন্য অত্যন্ত ........... ।
২১. মাটিতে ক্ষতিকর পদার্থ ফেললে মাটি ....... হয়।
২২. মানুষ .......... জীবনে নানাভাবে মাটি ব্যবহার করে।
২৩. সুস্থ থাকার জন্য প্রতিদিন .......... খেতে হবে।
২৪. ভিটামিনের অভাব হলে .......... হয়।
২৫. আয়োডিনের অভাবে ......... রোগ হতে পারে।
২৬. ......... আমাদের দেহ কর্মক্ষম রাখতে সহায়তা করে।
২৭. মুখে বা জিভে ঘা হয় ভিটামিন ........... এর অভাবে।
২৮. ভিটামিন ........... এর অভাবে রক্তশূন্যতা হয়।
২৯. ......... দেহের গঠন, ক্ষয়পূরণ এবং বৃদ্ধি সাধন করে।
৩০. .......... দ্বারা দূষিত পানির মাধ্যমে পানিবাহিত রোগ ছড়ায়।
৩১. শরীরের .......... এবং বৃদ্ধির জন্য পর্যাপ্ত ঘুম প্রয়োজন।
৩২. সুস্থ্য থাকার সবচেয়ে ভালো উপায় হলো ......... অনুসরণ করা।

৩৩.পানিবাহিত রোগ খুব সহজেই ........... মাঝে ছড়িয়ে পড়ে।
৩৪. শরীরের .......... এবং বৃদ্ধির জন্য পর্যাপ্ত ঘুম প্রয়োজন।
৩৫.দূষিত পানির মাধ্যমে আমাদের শরীরে .......... বিস্তার ঘটে।
৩৬.পৃথিবী পদার্থকে তার ........ দিকে টানছে।
৩৭. চাপ প্রয়োগের ফলে বায়ু ........... করে।
৩৮.......... ওজন আছে এবং জায়গায় দখল করে।
৩৯.লিটার হলো .......... পদার্থ আয়তন পরিমাপের একক।
৪০. ফোলানো বল চাপের ....... বল প্রয়োগ করে।
৪১. বায়ু এক ধরনের ..........।
৪২. জীবাশ্ম জ্বালানি পোড়ালে ....... উৎপন্ন হয়।
৪৩. মার্বেল হলো এক ধরনের .......।
৪৪. পানি একটি গুরুত্বপূর্ণ .......... সম্পদ।
৪৫. .......... সর্বাধিক ব্যবহৃত শক্তির উৎস।
৪৬.চুনাপাথর এবং মার্বেল হলো এক ধরনের .......... শিলা।
৪৭. সূর্যের আলো ও বায়ু ......... উৎপাদনে ব্যবহার করা হয়।

**৩। মিলকর : ২ × ৫ = ১০**

১. প্রাণী বায়ু থেকে গ্রহণ করে– অক্সিজেন।
২. সমুদ্র হলো – লবণাক্ত পানির বিশাল ভান্ডার।
৩. মস, ফার্ন জাতীয় উদ্ভিদ জন্মে – ছায়াযুক্ত, স্যাঁতস্যাতে শীতল স্থানে।
৪. মাটি ও পানি উভয় পরিবেশেই জন্মে –হেলেঞ্চা, কলমি।
৫. গরান, কেওড়া – লবণাক্ত মাটিতে জন্মে।
৬. প্রাণী উদ্ভিদকে – খাদ্য হিসেবে গ্রহণ করে।
৭. মাটি সংরক্ষণ বলতে বোঝায় – মাটির উর্বরতা বজায় রাখা।
৮. মাটির ক্ষয়রোধ করা যায় – বৃক্ষরোপণ করে।
৯. ভিটামিনের অভাব হলে – বিভিন্ন রোগ হতে পারে।
১০. মটরশুঁটি, ডাল, বাদাম হলো – উদ্ভিজ্জ আমিষ।
১১. আয়োডিনের অভাবে হতে পারে – গলগন্ড রোগ।
১২. খাবার স্যালাইন–ডায়রিয়া প্রতিকারে ভূমিকা পালন করে।
১৩. তরল পদার্থের আয়তন পরিমাপের একক–লিটার।
১৪. বস্তুর ওজন পরিমাপ করা হয়–নিক্তি দ্বারা।
১৫. সূর্যের আলো–নবায়নযোগ্য সম্পদ।
১৬.প্রাকৃতিক গ্যাস–অনবায়নযোগ্য সম্পদ।
১৭. আত্মবিশ্বাসী করে–খেলাধূলা।
১৮. মাছ, মাংস, ডিম প্রভৃতি– প্রানিজ আমিষ
১৯. মাটির উর্বরতা– ফসল আর্বতন।
২০.প্রাণীর নিরাপদ স্থান– আশ্রয়স্থল

**৪। নিচের প্রশ্নগুলোর মধ্যে যেকোনো ৮টি প্রশ্নের উত্তর লেখ : ৬ × ৮ = ৪৮**

১. পরিবেশ পরিবর্তনের কারণগুলো কী কী? মানুষ কীভাবে পরিবেশের পরিবর্তন করছে?
২. একটি ইট সবুজ ঘাসের উপর কয়েক দিন রেখে দিলে চাপা পড়া ঘাসের কী ঘটবে? কেন ঘটবে?
৩. আবাসস্থল ও আশ্রয়স্থল কী? আবাসস্থল ও আশ্রয়স্থলের মাঝে ৪টি পার্থক্য লেখ?
৪. জীব কাকে বলে? পরিবেশের পরিবর্তনের ফলে জীব কীভাবে ক্ষতিগ্রস্ত হয়?
৫. পরিবেশ কী? প্রাণী হিসেবে বেঁচে থাকার জন্য যে উপাদানগুলো প্রয়োজন তা চারটি বাক্যে লেখ।
৬. পেঙ্গুইন কোন অঞ্চলের প্রাণী? এই অঞ্চলের পাঁচটি বৈশিষ্ট্যগুলো লেখ।
৭. ক্যাকটাস ও উট কীভাবে মরুভূমিতে টিকে থাকে?
৮. উদ্ভিদ ও প্রাণী কাকে বলে? উদ্ভিদ ও প্রাণী কেন বিলুপ্ত হয়?
৯. মরুভূমিতে কোন জাতীয় উদ্ভিদ জন্মে? মরুভূমিতে বাস করে এমন দুটি প্রাণীর নাম লেখ। মরুভূমির

উদ্ভিদের প্রধান তিনটি বৈশিষ্ট্য লেখ।
১০. উদ্ভিদ কোথায় জন্মে? লবণাক্ত মাটিতে জন্মে এমন দুইটি উদ্ভিদের নাম লেখ। সুন্দরবনের তিনটি বৈশিষ্ট্য লেখ।
১১. মাটি সংরক্ষণ বলতে কী বোঝায়? মাটি কীভাবে সংরক্ষণ করা যায়?
১২. মাটি দূষণ কী? কীভাবে আমরা মাটি দূষণ রোধ করতে পারি? বর্ণনা কর।
১৩. মাটির উর্বরতা কী? দুটি জৈব সারের নাম লেখ। মাটির উর্বরতা বৃদ্ধিতে ফসল আবর্তনের গুরুত্ব লেখ।
১৪. মাটি কী? কী কী কারণে মাটি ক্ষয় হয়? মাটি ক্ষয়ের তিনটি ক্ষতিকর দিক লেখ।
১৫. মাটি সংরক্ষণ কী? মাটির উর্বরতা বাড়ানোর জন্য কী কী করা যেতে পারে? চারটি বাক্যে লেখ।
১৬. পুষ্টি কী? পর্যাপ্ত পুষ্টি উপাদান পাওয়ার সহজ উপায় বর্ণনা কর।
১৭. সুষম খাদ্য কেন প্রয়োজন ব্যাখ্যা কর।
১৮. ভিটামিন 'সি' এর চারটি কাজ এবং এর অভাবজনিত দুইটি রোগের নাম লেখ।
১৯. সুষম খাদ্য কাকে বলে? সুষম খাদ্যের প্রয়োজনীয় দুইটি বাক্যে লেখ। আদর্শ খাদ্য তালিকার তিনটি সুবিধা লেখ।
২০. পানিবাহিত রোগের তিনটি লক্ষণ লেখ। এ ধরনের রোগ প্রতিরোধে তিনটি করণীয় লেখ।
২১. স্বাস্থ্যবিধি মেনে চলা প্রয়োজন কেন? শরীর সুস্থ রাখতে হলে আমাদের কী কী করতে হবে?
২২. পরিষ্কার পরিচ্ছন্ন থাকার উপায়সমূহ বর্ণনা কর।
২৩. নিয়মিত শরীরচর্চা ও খেলাধুলার ফলে শরীরে কী ধরনের উন্নতি হয় তা চারটি বাক্যে লেখ। পর্যাপ্ত ঘুমের দুইটি প্রয়োজনীয়তা লেখ।
২৪. অধিকাংশ পানিবাহিত রোগের লক্ষণ কী কী? কীভাবে বাড়িতে খাবার স্যালাইন তৈরি করা হয়?
২৫. পরীক্ষার সাহায্যে আমরা কীভাবে প্রমাণ করতে পারি যে বায়ু একটি পদার্থ?
২৬. ওজন কী? বায়ু যে বল প্রয়োগে বাধা দেয় তার দুইটি উদাহরণ দাও।
২৭. আমরা কী দ্বারা বস্তুর ওজন পরিমাপ করতে পারি? কোনো একটি বস্তুকে উপরের দিকে ঢিল মারলে তা আবার মাটিতে ফিরে আসে কেন ? ব্যাখ্যা করো।
২৮. পদার্থ কাকে বলে? কঠিন ও বায়বীয় পদার্থের দুইটি করে বৈশিষ্ট্য লেখ।
২৯. আমরা প্রাকৃতিক সম্পদ থেকে কীভাবে শক্তি পাই?
৩০. প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের দুইটি উপায় বর্ণনা কর।
৩১. নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়ানোর প্রয়োজন কেন?
৩২. শক্তি কী? শক্তির উৎস বলতে কী বুঝ? শক্তির তিনটি ব্যবহার উল্লেখ কর।
৩৩. অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ কী? এ সম্পদ সংরক্ষণে করণীয় কাজগুলো চারটি বাক্যে লেখ।